



কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

অটোমেটিভ মেকানিক্স

লেভেল-০২

মডিউল শিরোনামঃ ক্লাচ সিস্টেম সার্ভিস ও মেরামত করন
(Module: Servicing and Repairing Clutch System)

মডিউল কোড: CBLM-OU-LE-AM-07-L2-BN-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nsda.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“ক্লাচ সিস্টেম সার্ভিস ও মেরামত করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমেটিভ মেকানিক্স লেভেল-২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমেটিভ মেকানিক্স লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমেটিভ মেকানিক্স লেভেল-২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। অটোমেটিভ মেকানিক্স এর অন্যতম ইউনিট হচ্ছে ক্লাচ সিস্টেম সার্ভিস ও মেরামত করা। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা, ক্লাচ সিস্টেম মেরামত করা, টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা সম্পর্কিত প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারবেন। একজন দক্ষ কর্মীর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি (ইনফরমেশন শিট)' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচীপত্র

কপিরাইট.....	iii
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	vii
মডিউল কন্টেন্ট.....	৩
শিখনফল - ১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে.....	৪
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা.....	৫
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করুন.....	৫
ইনফরমেশন শিট (Information Sheet) ১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় নির্ণয় করা.....	৬
সেলফ চেক শিট (Self-Check Sheet) ১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় নির্ণয় করা.....	১২
উত্তরপত্র (Answer Key)১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় নির্ণয় করা.....	১৩
জব-শিট (Job Sheet)-১.: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করুন.....	১৪
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা.....	১৫
শিখনফল -২: ক্লাচ সিস্টেম মেরামত করতে পারবে.....	১৬
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : ক্লাচ সিস্টেম মেরামত করা.....	১৭
ইনফরমেশন শিট (Information Sheet) ২: ক্লাচ সিস্টেম মেরামত করা.....	১৮
সেলফ চেক শিট (Self-Check Sheet) ২: ক্লাচ সিস্টেম মেরামত করা.....	২৭
উত্তরপত্র (Answer Key)২: ক্লাচ সিস্টেম মেরামত করুন.....	২৮
জব-শিট (Job Sheet)-২.১: পাইলট বুশিং মেরামত/ প্রতিস্থাপন করা.....	২৯
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.১: পাইলট বুশিং মেরামত/ প্রতিস্থাপন করা.....	৩০
জব-শিট (Job Sheet)-২.২: ক্লাচ ডিস্ক মেরামত/ প্রতিস্থাপন করা.....	৩১
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.২: ক্লাচ ডিস্ক মেরামত/ প্রতিস্থাপন করুন.....	৩২
শিখনফল-৩ : টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে.....	৩৩
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৩৪
ইনফরমেশন শিট (Information Sheet) ৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করুন.....	৩৫
সেলফ চেক শিট (Self-Check Sheet) ৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৩৯
উত্তরপত্র (Answer Key) ৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করুন.....	৪০
জব-শিট (Job Sheet)-৩: কর্মক্ষেত্র পরিষ্কার (৫ এস অব হাউজকিপিং) করুন.....	৪১
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৩: কর্মক্ষেত্র পরিষ্কার (৫ এস) করুন.....	৪২
দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....	৪৩

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম: ক্লাচ সিস্টেম সার্ভিস ও মেরামত করা।

ইউ ও সি কোড: OU-LE-AM-07-L2-V1

মডিউল শিরোনাম: ক্লাচ সিস্টেম সার্ভিস ও মেরামত করন।

মডিউলের বর্ণনা এই মডিউলটিতে ক্লাচ সিস্টেম সার্ভিস ও মেরামত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কে এস এ) সম্পর্কে অবহিত করা হয়েছে।

এতে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা, ক্লাচ সিস্টেম মেরামত করা, টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা সম্পর্কিত দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

নমিনাল সময়: ২০ ঘন্টা।

শিখনফল: এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।

১. ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে
২. ক্লাচ সিস্টেম মেরামত করতে পারবে
৩. টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

- ১.১ SOP অনুযায়ী ক্লাচ সিস্টেমের ত্রুটি (গোলমাল, স্লিপ, অপারেশন) যাচাই করার জন্য টেস্ট ড্রাইভ করতে সক্ষম হয়েছে
- ১.২ ক্লাচ সিস্টেমের কম্পোনেন্টগুলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে
- ১.৩ ক্লাচ সিস্টেমের ত্রুটি চিহ্নিত ও নিশ্চিত করতে সক্ষম হয়েছে;
- ২.১ প্রয়োজন অনুযায়ী টুলস ও ইকুইপমেন্ট নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হয়েছে
- ২.২ প্রয়োজন অনুযায়ী মেটেরিয়ালস ও কনজিউমেবল নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হয়েছে;
- ২.৩ সেট স্ট্যান্ডার্ড অনুযায়ী ক্লাচ সিস্টেমের ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট মেরামত/প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে;
- ৩.১ টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে সক্ষম হয়েছে
- ৩.২ কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে
- ৩.৩ কর্মক্ষেত্রের মান অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে;

শিখনফল - ১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. SOP অনুযায়ী ক্লাচ সিস্টেমের ত্রুটি (গোলমাল, স্লিপ, অপারেশন) যাচাই করার জন্য টেস্ট ড্রাইভ করতে সক্ষম হয়েছে ২. ক্লাচ সিস্টেমের কম্পোনেন্টগুলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে ৩. ক্লাচ সিস্টেমের ত্রুটি চিহ্নিত ও নিশ্চিত করতে সক্ষম হয়েছে;
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. পিপিই ২. তালিকা অনুযায়ী টুল ও ইকুইপমেন্ট ৩. তালিকা অনুযায়ী কাঁচামাল ৪. প্রয়োজনীয় লে-আউট ড্রয়িং ৫. সিবিএলএম ৬. হ্যান্ডআউট ৭. টিচিং এইড
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. ক্লাচ সিস্টেমের ত্রুটি ২. ক্লাচ সিস্টেমের কম্পোনেন্ট পরীক্ষা পদ্ধতি ৩. ক্লাচ সিস্টেমের ত্রুটি
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral questioning) ৪. পোর্ট ফোলিও (Port folio)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. নির্দেশনা পড়ুন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব-শিট (Job Sheet)-১.: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করুন স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করুন

ইনফরমেশন শিট (Information Sheet) ১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় নির্ণয় করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ SOP অনুযায়ী ক্লাচ সিস্টেমের ত্রুটি (গোলমাল, স্লিপ, অপারেশন) যাচাই ও টেস্ট ড্রাইভ করতে সক্ষম হবে।
- ১.২ ক্লাচ সিস্টেমের কম্পোনেন্টগুলি পরীক্ষা করতে সক্ষম হবে।
- ১.৩ ক্লাচ সিস্টেমের ত্রুটি চিহ্নিত ও নিশ্চিত করতে সক্ষম হবে।

১.১ ক্লাচ সিস্টেমের ত্রুটি

ক্লাচ গাড়ির এমন একটি অংশ যা প্রতিনিয়তই ব্যবহার করতে হয়। ইহা গাড়ি চালনা, গিয়ার শিফটিং, ব্রেকিং থেকে শুরু করে থামানো পর্যন্ত ব্যবহার হয়ে থাকে। যার ফলে ক্লাচ সিস্টেমের ত্রুটি খুবই সাধারণ একটি বিষয়। নিম্নে ক্লাচ সিস্টেমের ত্রুটি ও ইহা যাচাই করার জন্য লক্ষণীয় বিষয়াবলী আলোকপাত করা হলোঃ

ক. স্লিপ

লক্ষণ- যখন একটি নির্দিষ্ট গিয়ার নির্বাচন করে বা গিয়ারে লাগিয়ে, ক্লাচ প্যাডেলটি ছেড়ে দিয়ে এবং এক্সিলারেটর প্যাডেলটি চেপে ধরা হয়, তখন যদি ইঞ্জিন ত্বরান্বিত হওয়া সত্ত্বেও ড্রাইভিং চাকায কোনো শক্তি সঞ্চারিত না হয়। তাহলে বুঝতে হবে গাড়ির ক্লাচের স্লিপ ফল্ট হচ্ছে। এছাড়াও ক্লাচের স্লিপ ফল্টের কারণে প্লাস্টিক পোড়া গন্ধ হতে পারে।

খ. জুডার বা কম্পন

লক্ষণ- যখন ক্লাচ প্যাডেল ধীরে ধীরে রিলিজের মাধ্যমে ক্লাচ পুনরায় নিযুক্ত করা হয় তখন, একটি মসৃণ টেক-আপের পরিবর্তে ইঞ্জিন এবং গিয়ারবক্স ইউনিট যদি কাঁপতে থাকে তখন বুঝতে হবে যে ইহা জুডার বা কম্পন জনিত ত্রুটি নামে পরিচিত। ইহা নিম্ন-ফ্রিকোয়েন্সির কম্পন তবে গাড়ির জন্য গুরুতর একটি বিষয়।

গ. ড্র্যাগ বা স্পিন

ক্লাচ প্যাডেল ছেড়ে দেওয়ার পরেও যখন ড্রাইভেন (চলমান)-প্লেটটি চলতে থাকে এবং গিয়ার নিযুক্ত বা শিফট করা কঠিন হয়ে পড়ে। ইহা গাড়িটি স্থির বা চলমান দুই অবস্থাতেই ঘটতে পারে। ক্লাচের এই ধরনের আচরণকে ড্র্যাগ বা স্পিন বলে। এর ফলে সবচেয়ে খারাপ পরিস্থিতি যা হতে পারে তা হলো, গাড়ি চলতে থাকবে কিন্তু ক্লাচ প্যাডেল সম্পূর্ণভাবে নিষ্ক্রিয় বা বিকল হয়ে যাবে।


ঘ. ফিয়ারসিনেস বা ঝাঁকুনিঃ

ক্লাচ প্যাডেলটি ছাড়া হলে, যদি মসৃণ টেক আপের পরিবর্তে ইঞ্জিনে ঝাঁকুনি দিয়ে কাজ শুরু করে ও ট্রান্সমিশন কার্যক্রম চলতে থাকে তবে বুঝতে হবে ক্লাচের ফিয়ারসিনেস বা ঝাঁকুনি জনিত সমস্যা হচ্ছে।


১.২ ক্লাচ সিস্টেমের কম্পোনেন্ট ও কম্পোনেন্টগুলির পরীক্ষা

একটি অটোমোবাইলের ক্লাচ সিস্টেমে বেশ কয়েকটি উপাদান থাকে যা ইঞ্জিন এবং গিয়ারবক্সের মধ্যে পাওয়ার ট্রান্সমিশনকে নিযুক্ত এবং বিচ্ছিন্ন করতে একসাথে কাজ করে। নিম্নে একটি সাধারণ ক্লাচ সিস্টেমের প্রধান উপাদান ও সেগুলো পরীক্ষা সম্পর্কিত তথ্য আলোকপাত করা হলোঃ

- ক. ক্লাচ ডিস্ক: ক্লাচ ডিস্ক, যা ঘর্ষণ চাকতি নামেও পরিচিত। ইহা একটি সমতল প্লেট যার উভয় পাশে সহজে ঘর্ষণ হয় এমন উপাদান থাকে। এটি ইঞ্জিন ক্লাইভইল এবং ক্লাচ প্রেসার প্লেটের মধ্যে অবস্থিত। ক্লাচ নিযুক্ত থাকা অবস্থায় ক্লাচ ডিস্ক ইঞ্জিন থেকে ট্রান্সমিশনে শক্তি স্থানান্তর করে।



চিত্রঃ ক্লাচ ডিস্ক



চিত্রঃ ক্লাচ ডিস্ক এর বিভিন্ন অংশ


লক্ষণীয় বিষয়ঃ

- ক্লাচ ডিস্ক ক্রমাগত ঘর্ষণের ফলে কোন ধরনের ক্ষয় প্রাপ্ত হয়েছে কিনা
- ক্লাচ প্লেট ভাঙা কিনা
- ক্লাচ প্লেট ডিসপ্লেস বা স্থান চ্যুত হয়েছে কিনা।

খ. **ফ্লাইহুইল:** ফ্লাইহুইল হল একটি ভারী, বৃত্তাকার চাকতি যা ইঞ্জিনের ক্র্যাঙ্কশ্যাফ্টের সাথে যুক্ত থাকে। এটি ক্রমাগত ঘূর্ণন হয় যার ফলে ইহইলেও নানা ধরনের সমস্যা দেখা দিতে পারে।



চিত্রঃ ফ্লাইহুইল



চিত্রঃ ফ্লাইহুইল এর বিভিন্ন অংশ


লক্ষণীয় বিষয়ঃ

- ফ্লাইহুইল ইমব্যালেন্স হয়েছে কিনা
- ফাটল বা ভাঙা রয়েছে কিনা
- রোটেশনাল আক্সিস (অক্ষ) থেকে সরে গিয়েছে কিনা
- অতিরিক্ত গরম হচ্ছে কিনা
- বেয়ারিং এ শব্দ হচ্ছে কিনা
- সঠিক ভাবে ঘুরছে কিনা।

- গ. **ক্লাচ প্রেসার প্লেট:** প্রেসার প্লেট হল একটি ধাতব প্লেট যা ফ্লাইহুইলে বসানো হয়। এটি স্প্রিং বা ডায়াফ্রাম স্প্রিং এর সিরিজের মাধ্যমে ক্লাচ ডিস্কে চাপ প্রয়োগ করে। যখন ক্লাচ প্যাডেল ছেড়ে দেওয়া হয়, তখন প্রেসার প্লেটটি ফ্লাইহুইলের বিরুদ্ধে ক্লাচ ডিস্কে চাপ দেয়, যা পাওয়ার ট্রান্সমিশনের কাজ করে থাকে।



চিত্রঃ ক্লাচ প্রেসার প্লেট



চিত্রঃ ক্লাচ প্রেসার প্লেট এর বিভিন্ন অংশ

লক্ষণীয় বিষয়ঃ

- ক্লাচ স্লিপেজ (আউট স্প্রিংস বা দুর্বল ডায়াফ্রাম স্প্রিং এর কারণে)
- ক্লাচ ড্রাগ ঘটে (প্রেসার প্লেট ফ্লাইহুইল থেকে ক্লাচ ডিস্কে সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন করতে ব্যর্থ হলে)
- একটি ত্রুটিপূর্ণ প্রেসার প্লেটের কারণে শব্দ।
- ক্লাচ প্যাডেল শক্ত হয়েছে কিনা।
- ক্লাচ ডিস্কে অসম ভাবে বল প্রয়োগ হচ্ছে কিনা।

ঘ. **রিলিজ বিয়ারিং (থ্রোআউট বিয়ারিং):**

রিলিজ বিয়ারিং হল ট্রান্সমিশনের বেল হাউজিং এর ভিতরে অবস্থিত একটি ছোট বিয়ারিং। ক্লাচ প্যাডেল চাপলে এটি সামনে এবং পিছনে সরে গিয়ে প্রেসার প্লেটকে নিযুক্ত এবং বিচ্ছিন্ন করতে সহায়তা করে।



চিত্রঃ রিলিজ বিয়ারিং

লক্ষণীয় বিষয়ঃ

- কোন ধরনের শব্দ হচ্ছে কিনা
 - ক্লাচ এঞ্জেল হতে সমস্যা হচ্ছে কিনা
 - অধিক মাত্রায় কম্পন
 - স্লিপেজ
- ঙ. **ক্লাচ ফর্ক:** ক্লাচ ফর্ক হল একটি পিভটিং বা ক্ষুদ্র লিভার। ইহা হাইড্রোলিক সিস্টেমের মাধ্যমে ক্লাচ প্যাডেল দ্বারা সক্রিয় হয়। এটি প্রেসার প্লেটের উপর চাপ প্রয়োগ বা ছেড়ে দেওয়ার জন্য রিলিজ বিয়ারিংকে নিযুক্ত করে।



চিত্রঃ ক্লাচ ফর্ক




চিত্রঃ লাগানো অবস্থায় ক্লাচ ফর্ক

চ. **ক্লাচ মাস্টার সিলিন্ডার:** হাইড্রোলিক ক্লাচ সিস্টেম সহ যানবাহনে, ক্লাচ মাস্টার সিলিন্ডার ব্যবহার করা হয়। এটি ফায়ারওয়ালের উপর অবস্থিত এবং ক্লাচ প্যাডেলের সাথে সংযুক্ত। যখন প্যাডেল চাপা হয়, তখন মাস্টার সিলিন্ডার হাইড্রোলিক চাপ তৈরি করে, যা স্লেভ সিলিন্ডারে প্রেরণ করা হয়। ক্লাচ মাস্টার সিলিন্ডার ভাল আছে কিনা তা জানার জন্য নীচের বিষয় গুলো লক্ষণীয়।



চিত্রঃ ক্লাচ মাস্টার সিলিন্ডার



চিত্রঃ ক্লাচ মাস্টার সিলিন্ডার এর গঠন


লক্ষণীয় বিষয়ঃ

- কোন ধরনের লিকেজ আছে কিনা।
- ক্লাচ প্যাডেল সুখ বা হালকা আছে কিনা।
- গিয়ার শিফটিং এ সমস্যা হচ্ছে কিনা।

ছ. **ক্লাচ স্লেভ সিলিন্ডার:** ক্লাচ স্লেভ সিলিন্ডারটি ক্লাচ ফর্কের সাথে সংযুক্ত এবং মাস্টার সিলিন্ডার থেকে হাইড্রোলিক চাপকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করার জন্য কাজ করে থাকে। এটি ক্লাচের কাঁটাটিকে ধাক্কা দেয় ও ক্লাচকে সংযুক্ত বা বিচ্ছিন্ন করার কাজ করে।



চিত্রঃ ক্লাচ স্লেভ সিলিন্ডার



চিত্রঃ ক্লাচ স্লেভ সিলিন্ডার এর গঠন

লক্ষণীয় বিষয়ঃ

- কোন ধরনের লিকেজ আছে কিনা।
- ক্লাচ প্যাডেল সুথ বা হালকা আছে কিনা।
- ক্লাচ ড্যাগ (টেনে ধরা) হচ্ছে কিনা।
- যথাযথভাবে ক্লাচ এঞ্জেল বা ডিসএঞ্জেল হচ্ছে কিনা।

জ. **পাইলট বিয়ারিং/বুশিং:** পাইলট বিয়ারিং বা বুশিং হল ফ্লাইহইলের মাঝখানে অবস্থিত একটি ছোট বিয়ারিং। এটি ট্রান্সমিশন ইনপুট শ্যাফ্টকে সহায়তা করে। যখন ক্লাচ নিযুক্ত থাকে তখন এটিকে মসৃণভাবে ঘোরানোর কাজ করে থাকে।



চিত্রঃ পাইলট বিয়ারিং/বুশিং



চিত্রঃ বিভিন্ন ধরনের পাইলট বিয়ারিং/বুশিং

লক্ষণীয় বিষয়ঃ

- শব্দ হচ্ছে কিনা
- স্লিপেজ হচ্ছে কিনা
- গিয়ার শিফটিং এ সমস্যা হচ্ছে কিনা।

১.৩ ক্লাচ সিস্টেমের ত্রুটি চিহ্নিত করন

ক্লাচ সিস্টেমের ত্রুটি চিহ্নিত করার জন্য অবশ্যই ক্লাচের বিভিন্ন অংশের কাজ সম্পর্কে জানতে হবে। এছাড়াও কি ধরনের লক্ষণ কি ধরনের সমস্যা নির্দেশ করে তা সম্পর্কেও জানা বাঞ্ছনীয়। ক্লাচ সিস্টেমের ত্রুটি চিহ্নিত করার জন্য সম্ভাব্য কারণ সমূহ নিম্নে আলোকপাত করা হলোঃ

ক. **ত্রুটি** ক্লাচ যখন এনগেজ হয় তখন স্লীপ করা

কারণঃ

- ক্লাচ লিংকেজ এডজাস্টমেন্ট সঠিক না থাকিলে।
- ইঞ্জিন মাউন্টিং ভাংগিয়া গেলে।
- প্রেসার প্লেট এডজাস্টমেন্ট সঠিক না থাকিলে বা কিছু ভেঙে গেলে।
- ক্লাচ ফেসিং এ গ্রীজ, লুব ওয়েল লাগিলে অথবা ক্লাচ ফেসিং তৈলাক্ত হলে।

খ. **ত্রুটি**ঃ গাড়ী চলা অবস্থায় ক্লাচে শব্দ করা

কারণঃ

- ক্লাচ লাইনিং ক্ষয় প্রাপ্ত হলে।
- ক্লাচ লাইনিং শক্ত বা বিবর্ণ হলে।
- ক্লাচ প্লেট ফ্রি প্লে করলে।
- প্রেসার প্লেট এবং ফ্লাই হইল ক্ষয় প্রাপ্ত হলে।
- ক্লাচ রিলিজ লিভারের সংযোগ সঠিক না থাকলে।

গ. **ত্রুটি**ঃ ক্লাচ কম্পন হওয়া

কারণঃ

- ক্লাচের যে কোন একটি কম্পোনেট (ক্লাচ ডিস্ক, প্রেসার প্লেট, ফ্লায়ার হইল) নষ্ট হয়ে গেলে।
- ক্লাচের যে কোন একটি কম্পোনেট (ক্লাচ ডিস্ক, প্রেসার প্লেট, ফ্লায়ার হইল) ডিসপ্লস বা স্থানচ্যুত হয়ে গেলে।
- ক্লাচ ডিস্কের ক্লাচ ডিস্কের ভারসাম্যহীনতা

ঘ. **ত্রুটি**ঃ ক্লাচ ডিসএনগেজ না হওয়া প্রেসার প্লেট ভেঙে যাওয়া

কারণঃ

- ক্লাচ রিলিজ বেয়ারিং এ সমস্যা থাকলে
- ক্লাচ রিলিজ স্যাফট এ সমস্যা থাকলে
- ক্লাচ ওভার হিট হওয়া
- যথাযথ ভাবে গিয়ার চেঞ্জ না করা

সেলফ চেক শিট (Self-Check Sheet) ১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় নির্ণয় করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. ক্লাচের ২ টি কাজ লিখুন।

উত্তরঃ

২. ক্লাচ বহল ঘটমান ত্রুটি গুলো কি কি?

উত্তরঃ

৩. টেস্ট ড্রাইভ কেন করা উচিত?

উত্তরঃ

৪. ক্লাচ সিস্টেমের কম্পোনেন্টগুলির নাম লিখুন।

উত্তরঃ

৫. ক্লাচ ডিস্ক এ কি ধরনের সমস্যা হয়ে থাকে?

উত্তরঃ

৬. ফ্লাইহুইল কোথায় থাকে?

উত্তরঃ

৭. ক্লাচ প্রেসার প্লেট এর কাজ কি?

উত্তরঃ

৮. রিলিজ বিয়ারিং (থ্রোআউট বিয়ারিং) এর কাজ কি?

উত্তরঃ

৯. সাধারণত ক্লাচ ফর্ক এ কি ধরনের সমস্যা দেখা দেয়?

উত্তরঃ

১০. ক্লাচ শব্দ করার ২ টি কারণ লিখুন।

উত্তরঃ

উত্তরপত্র (Answer Key)১: ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় নির্ণয় করা

১. ক্লাচের ২ টি কাজ লিখুন।
উত্তরঃ গিয়ার শিফটিং, ব্রেকিং
২. ক্লাচ বহল ঘটমান ত্রুটি গুলো কি কি?
উত্তরঃ ক্লাচের কম্পন, ক্লাচ ড্রাগ, ক্লাচ স্লিপ
৩. টেস্ট ড্রাইভ কেন করা উচিত?
উত্তরঃ গাড়ির কোন ধরনের সমস্যা আছে কিনা তা নির্ণয় করার জন্য
৪. ক্লাচ সিস্টেমের কম্পোনেন্টগুলির নাম লিখুন।
উত্তরঃ ক্লাচ ডিস্ক, ফ্লাইহুইল, ক্লাচ প্রেসার প্লেট, রিলিজ বিয়ারিং, ক্লাচ ফর্ক, ক্লাচ মাস্টার সিলিন্ডার, ক্লাচ স্লেভ সিলিন্ডার, পাইলট বিয়ারিং/বুশিং।
৫. ক্লাচ ডিস্ক এ কি ধরনের সমস্যা হয়ে থাকে?
উত্তরঃ ক্রমাগত ঘর্ষণের ফলে কোন ধরনের ক্ষয় প্রাপ্ত হওয়া, ভেঙে যাওয়া ইত্যাদি।
৬. ফ্লাইহুইল কোথায় থাকে?
উত্তরঃ ফ্লাইহুইল হল একটি ভারী, বৃত্তাকার চাকতি যা ইঞ্জিনের ক্র্যাঙ্কশ্যাফ্টের সাথে যুক্ত থাকে।
৭. ক্লাচ প্রেসার প্লেট এর কাজ কি?
উত্তরঃ পাওয়ার ট্রান্সমিশন করা
৮. রিলিজ বিয়ারিং (থ্রোআউট বিয়ারিং) এর কাজ কি?
উত্তরঃ ক্লাচ প্যাডেল চাপলে এটি সামনে এবং পিছনে সরে গিয়ে প্রেসার প্লেটকে নিযুক্ত এবং বিচ্ছিন্ন করতে সহায়তা করে।
৯. সাধারণত ক্লাচ ফর্ক এ কি ধরনের সমস্যা দেখা দেয়?
উত্তরঃ বাঁকা হয়ে যাওয়া, স্থান চ্যুত হওয়া, লুব্রিকেন্ট কমে যাওয়া।
১০. ক্লাচ শব্দ করার ২ টি কারন লিখুন।
উত্তরঃ প্রেসার প্লেট এবং ফ্লাই হুইল ক্ষয় প্রাপ্ত হলে, ক্লাচ লাইনিং ক্ষয় প্রাপ্ত হলে।

জব-শিট (Job Sheet)-১.: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করুন

উদ্দেশ্য: যথাযথ ভাবে টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে।

কাজের ধারাবাহিকতা:

সমান্তরাল পার্কিং

১. সঠিক ভাবে সিটবেল্ট বঁধুন।
২. ব্লাইন্ড স্পট গুলো চেক করুন ও গাড়ি স্টার্ট দিন।
৩. গাড়ি চালানোর স্ট্যান্ডার্ড মেনে (ক্লাচ, গিয়ার, এক্সিলারেটর ও ব্রেকের ব্যবহার করে) গাড়ি রোলিং করুন।
৪. গাড়ি চালানোর সময় ক্লাচের ব্যবহার করুন।
৫. লক্ষ্য রাখুন ক্লাচ ব্যবহারের সময় কোন ধরনের শব্দ, কম্পন, ড্র্যাগ বা টেনে ধরার মতো অনুভূতি, স্লিপেজ, গিয়ার শিফটিং এ সমস্যা হচ্ছে কিনা ও নিশ্চিত হোন ক্লাচে কোন সমস্যা আছে কিনা।
৬. নিশ্চিত হয়ে গেলে নিয়ম মেনে/ স্ট্যান্ডার্ড অনুযায়ী গাড়ি থামান।

স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১: টেস্ট ড্রাইভের মাধ্যমে ক্লাচ সিস্টেমের ত্রুটি নির্ণয় করা

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	এপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	সেফটি 'সু'	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৫	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৬	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সিট বেল্ট	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
২	এক্সিলারেটর প্যাডেল	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৩	ব্রেক প্যাডেল	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৪	ক্লাচ প্যাডেল	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	স্টিয়ারিং	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৬	পার্কিং/ হ্যান্ড ব্রেক	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	মোটর অয়েল বা ফুয়েল	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী

শিখনফল -২: ক্লাচ সিস্টেম মেরামত করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. প্রয়োজন অনুযায়ী টুলস ও ইকুইপমেন্ট নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হয়েছে ২. প্রয়োজন অনুযায়ী মেটেরিয়ালস ও কনজিউমেবল নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হয়েছে; ৩. সেট স্ট্যান্ডার্ড অনুযায়ী ক্লাচ সিস্টেমের ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট মেরামত/প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে;
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. পিপিই ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউট ৪. টিচিং এইড ৫. ক্লাচ সিস্টেম ৬. ক্লাচ সিস্টেমের স্পেশাল টুলস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. ক্লাচ সিস্টেমের টুলস ও ইকুইপমেন্ট ২. ক্লাচ সিস্টেমের মেটেরিয়ালস ও কনজিউমেবল <ul style="list-style-type: none"> - ওয়েস্ট কটন (Waste Cotton) - কেরোসিন (Kerosene) - গ্রীজ (Grease) - ক্লাচ ফ্লুইড; ডট-৩, ডট-৪ (Clutch fluid ;DOT-3, DOT-4) - এম্মি ক্লথ (Emery cloth) ৩. ক্লাচ সিস্টেমের ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট মেরামত/প্রতিস্থাপন
এক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> ১. পাইলট বুশিং মেরামত/ প্রতিস্থাপন করুন ২. ক্লাচ ডিস্ক মেরামত/ প্রতিস্থাপন করুন ৩. ক্লাচ মাউন্টিং মেরামত/প্রতিস্থাপন করুন ৪. প্রেসার প্লেট এবং ফ্লাই হইল মেরামত/প্রতিস্থাপন করুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral questioning) ৪. পোর্ট ফলিও (Portfolio)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : ক্লাচ সিস্টেম মেরামত করা

এই শিক্ষণফল অর্জনের লক্ষ্যে শিক্ষণফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিক্ষণ কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. নির্দেশনা পড়ুন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : ক্লাচ সিস্টেম মেরামত করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেক্ষ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করা উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করা
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন <ul style="list-style-type: none"> ▪ জব-শিট (Job Sheet)-২.১: পাইলট বুশিং মেরামত/ প্রতিস্থাপন করা ▪ স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.১: পাইলট বুশিং মেরামত/ প্রতিস্থাপন করা ▪ জব-শিট (Job Sheet)-২.২: ক্লাচ ডিস্ক মেরামত/ প্রতিস্থাপন করা ▪ স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.২: ক্লাচ ডিস্ক মেরামত/ প্রতিস্থাপন করা




ইনফরমেশন শিট (Information Sheet) ২: ক্লাচ সিস্টেম মেরামত করা






শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-


- ২.১ ক্লাচ সিস্টেমের টুলস ও ইকুইপমেন্ট সম্পর্কে জানতে পারবে।
- ২.২ প্রয়োজন অনুযায়ী মেটেরিয়ালস ও কনজিউমেবল নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হবে;
- ২.৩ সেট স্ট্যান্ডার্ড অনুযায়ী ক্লাচ সিস্টেমের ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট মেরামত/প্রতিস্থাপন করতে সক্ষম হবে।

২.১ ক্লাচ সিস্টেমের টুলস ও ইকুইপমেন্ট

একটি গাড়ি রিপেয়ারিং এর জন্য অনেক ধরনের টুলস ও ইকুইপমেন্ট প্রয়োজন হয়ে থাকে। যার কিছু হ্যান্ড টুলস আবার কিছু পাওয়ার টুলস। তবে ক্লাচ সিস্টেম রিপেয়ারের জন্য নির্দিষ্ট টুলস ও ইকুইপমেন্ট ব্যবহার হয়ে থাকে যা নিম্নে আলোকপাত করা হলোঃ

নাম	ছবি	কাজ
সকেট এবং রেঞ্চ সেট		ক্লাচ বিচ্ছিন্ন করা এবং পুনরায় সংযুক্ত করার সময় বোল্ট এবং নাট অপসারণ এবং শক্ত করার জন্য সকেট এবং রেঞ্চ ব্যবহার করতে হয়।
ক্লাচ অ্যালাইনমেন্ট টুল		ক্লাচ অ্যালাইনমেন্ট ইন্সটল করার সময় এই টুলটি ফ্লাইওয়াইলের সাথে ক্লাচ ডিস্কের সঠিকভাবে সারিবদ্ধতা নিশ্চিত করতে সাহায্য করে। এছাড়াও এটি ট্রান্সমিশনের ইনপুট শ্যাফ্ট ক্লাচ ডিস্ক স্প্লাইনের সাথে সঠিকভাবে সারিবদ্ধ করতে ব্যবহৃত হয়।
ক্লাচ ডিস্ক রিমুভাল টুল		এই টুলটি ফ্লাইওইল থেকে ক্লাচ ডিস্ক অপসারণে সহায়তা করে। এটি প্রেসার প্লেট এবং ফ্লাইওইল থেকে ক্লাচ ডিস্কের নিরাপদ এবং নিয়ন্ত্রিত পৃথকীকরণের কাজে ব্যবহৃত হয়।

<p>ফ্লাইহইল লকিং টুল</p>		<p>একটি ফ্লাইহইল লকিং টুল ফ্লাইহইল বোল্টগুলিকে টিলা বা শক্ত করার সময় ফ্লাইহইলটিকে স্থির করতে ব্যবহৃত হয়।</p>
<p>ক্লাচ পাইলট বিয়ারিং পুলার/ইনস্টলার</p>		<p>এই টুলটি ক্র্যাঙ্কশ্যাফ্ট বা ফ্লাইহইলের শেষে পাইলট বিয়ারিং অপসারণ এবং ইনস্টল করতে ব্যবহৃত হয়। এটি পাইলট বেয়ারিং এর মাধ্যমে ভারবহনের জন্য সঠিক ভাবে প্রান্তিককরণ এবং ইনস্টলেশন নিশ্চিত করে।</p>
<p>হাইড্রোলিক ক্লাচ ব্লিডার কিট</p>		<p>ট্রান্সপোর্ট ক্লাচ সিস্টেম যদি হাইড্রোলিক ক্লাচ ব্যবহার করে, তাহলে ক্লাচ সিস্টেমে সঠিকভাবে রক্তপাতের জন্য একটি হাইড্রোলিক ক্লাচ ব্লিডার কিট প্রয়োজন। এটি সর্বোত্তম ক্লাচ অপারেশন নিশ্চিত করতে হাইড্রোলিক লাইন থেকে বায়ু অপসারণ করতে সাহায্য করে।</p>
<p>ডায়াল ইন্ডিকেটর</p>		<p>ক্লাচ ডিস্কের রানআউট পরিমাপ করতে বা ফ্লাইহইল বা প্রেসার প্লেটের পৃষ্ঠের সমতলতা নির্ধারণ করতে ডায়াল ইন্ডিকেটর ব্যবহার করা হয়। এটি ক্লাচ উপাদানগুলির যেকোনো সম্ভাব্য সমস্যা সনাক্ত করতে সহায়তা করে।</p>
<p>ক্লাচ স্প্রিং কম্প্রেসার</p>		<p>ক্লাচ স্প্রিংসকে নিরাপদে সংকুচিত করতে এবং ক্লাচ অ্যাসেম্বলি থেকে প্রেসার প্লেটটি সরাতে এই টুলটির প্রয়োজন। এটি ক্লাচ ডিস্ক এবং প্রেসার প্লেটের প্রতিস্থাপন বা পরিদর্শনের কাজেও ব্যবহার হয়ে থাকে।</p>

<p>টর্ক রেঞ্চ</p>		<p>ক্লাচ অ্যাসেম্বলি বোল্ট এবং ফ্লাইহইল বোল্টগুলিকে প্রস্তুতকারকের নির্দিষ্ট টর্ক এর মান অনুযায়ী সঠিকভাবে শক্ত করার বা লাগানোর জন্য টর্ক রেঞ্চ প্রয়োজন। এটি সঠিক ক্ল্যাম্পিং বল নিশ্চিত করতে সহায়তা করে এবং ক্লাচ উপাদানগুলির ক্ষতি প্রতিরোধ করে।</p>
-------------------	---	--

২.২ ক্লাচ সিস্টেমের মেটেরিয়ালস ও কনজিউমেবল

ক. কটন (Cotton)

ক্লাচ রিপেয়ারিং এ সাধারণত এমন ধরনের ম্যাটেরিয়াল করা হয় যা তুলনা মূলক টেকসই এবং তাপ-প্রতিরোধী। কেননা যানবাহনের ক্লাচ হলো এমন এক ধরনের সিস্টেম যা সবসময় ঘর্ষণ ও তাপ উৎপন্ন হয়ে থাকে। সাধারণত ক্লাচ পরিষ্কারের সময় তুলা বা তুলা সদৃশ কাপড় ব্যবহার করা হয়ে থাকে।



ছবিঃ কটন

খ. কেরোসিন (Kerosene)

স্ট্যান্ডার্ড নিয়ম অনুযায়ী ক্লাচের সাথে কেরোসিনের সরাসরি কোন সংযোগ নেই। কেননা ক্লাচে ব্যবহৃত প্রতিটি উপাদান এ ঘর্ষণ জনিত কাজের জন্য তৈরি, যা ড্রাম্পমিশনের কাজে ব্যবহৃত হয়ে থাকে। সাধারণত ক্লাচের ডিস্কগুলি শুকিয়ে যাওয়া বা অনাকাঙ্ক্ষিত উপাদান (ধূলিকণা, ময়লা) অপসারণ করতে এবং ক্লাচের কার্যকারিতা পুনরুদ্ধার করতে কেরোসিনে ধুয়ে নেওয়া যেতে পারে। তবে এটি অবশ্যই নিশ্চিত করতে হবে যে, ক্লাচ ডিস্ক গুলো পুনরায় ব্যবহার করার আগে ভালভাবে শুকিয়ে নিতে হবে। তা না হলে ঘর্ষণ কমে যেতে পারে ও ক্লাচ যথাযথ ভাবে কাজ না করতে পারে।



চিত্রঃ কেরোসিন (Kerosene) ব্যবহার করে পার্টস/ টুলস পরিষ্কার

গ. গ্রীজ (Grease)

গ্রীজ একটি লুব্রিক্যান্ট, এটি তেলের চেয়ে অনেক বেশি ঘন যা মেশিন বা যানবাহনের বিভিন্ন স্থানে ব্যবহৃত হয়। তেল বা ওয়েল সাধারণত অভ্যন্তরীণভাবে ব্যবহৃত হয় এবং কম ঘনত্বের কারণে এটি বিভিন্ন টিউবের মধ্য দিয়ে সহজেই প্রবাহিত হতে পারে। অন্য দিকে গ্রীজট অপেক্ষাকৃত ঘন হওয়ায় প্রবাহ ছাড়াই তৈলাক্তকরণের প্রয়োজন এমন অঞ্চলে ব্যবহৃত হয়।



চিত্রঃ গ্রীজ (Grease)

ঘ. ক্লাচে গ্রিজের ব্যবহারঃ

- i. **রিলিজ বিয়ারিং:** রিলিজ বিয়ারিং বা থ্রো-আউট বিয়ারিং এ গ্রিজ ব্যবহার করা হয়। যখন ক্লাচ প্যাডেল চাপা হয় তখন ক্লাচ বিচ্ছিন্ন করার এই বিয়ারিং কাজ করে থাকে। এটি ট্রান্সমিশন ইনপুট শ্যাফট বরাবর স্লাইড করে এবং একটি উচ্চ-ঘর্ষণ পরিবেশে কাজ করে। মসৃণ অপারেশন নিশ্চিত করতে এবং উষ্ণতা কমাতে, রিলিজ বিয়ারিংয়ের পৃষ্ঠগুলিতে অল্প পরিমাণ উচ্চ-তাপমাত্রার গ্রীস প্রয়োগ করা হয়।
- ii. **পাইলট বিয়ারিং/বুশিং:** পাইলট বিয়ারিং বা বুশিং ট্রান্সমিশন ইনপুট শ্যাফটকে সাহায্য করে এবং ইঞ্জিন-ট্রান্সমিশনের মধ্যে সঠিক প্রান্তিককরণ বজায় রাখতে সাহায্য করে। তৈলাক্তকরণ এবং ঘর্ষণ কমাতে ইনস্টলেশনের সময় পাইলট বিয়ারিং বা বুশিং-এ অল্প পরিমাণ গ্রিজ প্রয়োগ করা হয়ে থাকে।
- iii. **পিভট পয়েন্ট এবং লিঙ্কেজ:** ক্লাচ সিস্টেমের সাথে যুক্ত ক্লাচ লিঙ্কেজ, পিভট পয়েন্ট এবং যান্ত্রিক উপাদানগুলির মসৃণ অপারেশন নিশ্চিত করার জন্য পর্যায়ক্রমিক ভাবে তৈলাক্তকরণের প্রয়োজন হয়ে থাকে। এই ক্ষেত্রে, উপযুক্ত মানের গ্রিজ ঘর্ষণ কমাতে এবং এই চলমান অংশগুলিতে উৎতপ্ত হওয়া প্রতিরোধ করতে ব্যবহার করা হয়ে থাকে।

ঙ. Clutch fluid (DOT-3, DOT-4)

ক্লাচ ফ্লুইড হলো এমন একধরনের তরল যা ক্লাচের যথাযথ কার্যক্রম পরিচালনা নিশ্চিত করার ব্যবহৃত হয়ে থাকে। সাধারণত ক্লাচ ভেদে ভিন্ন ভিন্ন ফ্লুইড ব্যবহার হয়ে থাকে। নিম্নে ক্লাচে বহুল ব্যবহৃত DOT-3, DOT-4 ক্লাচ ফ্লুইড সম্পর্কে আলোকপাত করা হলোঃ

i. ক্লাচ ফ্লুইড DOT-3

ক্লাচ ফ্লুইড DOT-3, যা হাইড্রোলিক ব্রেক ফ্লুইড DOT-3 নামেও পরিচিত। ক্লাচ ফ্লুইড DOT-3 হলো এক ধরনের হাইড্রোলিক ফ্লুইড যা সাধারণত হাইড্রোলিক ক্লাচ সিস্টেম এবং যানবাহনে হাইড্রোলিক ব্রেক সিস্টেমে ব্যবহৃত হয়। এটি এই সিস্টেমগুলির নির্দিষ্ট প্রয়োজনীয়তা মেটাতে এবং তাদের সঠিক অপারেশন নিশ্চিত করার জন্য ডিজাইন করা হয়েছে।



চিত্রঃ ক্লাচ ফ্লুইড DOT-3

ii. ক্লাচ ফ্লুইড DOT-4

ক্লাচ ফ্লুইড DOT-4, যা হাইড্রোলিক ব্রেক ফ্লুইড DOT-4 নামেও পরিচিত। এ ধরনের হাইড্রোলিক ফ্লুইড সাধারণত হাইড্রোলিক ক্লাচ সিস্টেম এবং যানবাহনে হাইড্রোলিক ব্রেক সিস্টেমে ব্যবহৃত হয়। এটি DOT-3 ফ্লুইডের সাথে অনেক মিল হলেও বৈশিষ্ট্য গত ভাবে DOT-3 এর থেকে অধিক কার্যকর।



চিত্রঃ ক্লাচ ফ্লুইড DOT-4

চ. এমরি কাপড় (Emery cloth)


এমরি কাপড় কে কোন ধরনের ধাতব পৃষ্ঠ থেকে ময়লা অপসারণ বা মসৃণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে।



চিত্রঃ এমরি কাপড় (Emery cloth)

২.৩ ক্লাচ সিস্টেমের ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট মেরামত/প্রতিস্থাপন

একটি ক্লাচ অনেক গুলো কম্পোনেন্ট নিয়ে তৈরি হয়ে থাকে। যার ফলে ক্লাচের ভিন্ন ভিন্ন সমস্যা ভিন্ন ভিন্ন কারণে সংঘটিত হয়ে থাকে। নিম্নে ক্লাচের বহুল ব্যবহৃত কম্পোনেন্ট সমূহের ছবি ও মেরামত/প্রতিস্থাপন পদ্ধতি উল্লেখ করেছেন।



চিত্রঃ ক্লাচের বিভিন্ন অংশ

মেরামত/প্রতিস্থাপন পদ্ধতিঃ

i. ক্লাচ মাউন্টিং মেরামত/প্রতিস্থাপন করা

কটি যানবাহনে ক্লাচ মাউন্টিং (যা ক্লাচ রিলিজ বিয়ারিং বা থ্রো-আউট বিয়ারিং নামেও পরিচিত) পরিবর্তন করতে, আপনাকে এই সাধারণ পদক্ষেপগুলি অনুসরণ করতে হবে:

- ক. **যানবাহন প্রস্তুত করাঃ** যানবাহনটি সমতল পৃষ্ঠে রয়েছে তা নিশ্চিত করুন এবং পার্কিং ব্রেক নিযুক্ত করুন। ম্যানুয়াল ট্রান্সমিশনের জন্য, ট্রান্সমিশনটিকে নিরপেক্ষভাবে রাখুন এবং দুর্ঘটনা এড়ানোর ব্যাটারি সংযোগ বিচ্ছিন্ন করুন।
- খ. **ক্লাচ অ্যাক্সেস করাঃ** ক্লাচ হাউজিং সনাক্ত করুন, যা সাধারণত ইঞ্জিন ব্লকের পাশে বা নীচে, ট্রান্সমিশনের কাছাকাছি অবস্থিত। ক্লাচ এলাকায় পৌঁছানোর জন্য আপনাকে কভার বা অ্যাক্সেস প্যানেল অপসারণ করতে হতে পারে।
- গ. **উপাদানগুলি সরানঃ** গাড়ির উপর নির্ভর করে, ক্লাচ মাউন্টিং অ্যাক্সেস পেতে আপনাকে অন্যান্য উপাদানগুলি সরাতে হবে। এর মধ্যে ট্রান্সমিশন, ক্লাচ ফর্ক, প্রেসার প্লেট বা অন্যান্য অংশ অন্তর্ভুক্ত থাকতে পারে। একারণে গাড়ির ম্যানুয়াল অনুসরণ করুন।
- ঘ. **পুরানো ক্লাচ মাউন্টিং সনাক্ত করাঃ এবং অপসারণ করাঃ** ক্লাচ মাউন্টিং সনাক্ত করুন, যা সাধারণত ট্রান্সমিশন ইনপুট শ্যাফ্টের চারপাশে অবস্থিত একটি নলাকার বা আকৃতির উপাদান। এটি বোল্ট, ক্লিপ বা রিটেইনিং রিং দ্বারা সুরক্ষিত হতে পারে। সাবধানে এই ফাস্টেনারগুলি সরান এবং ট্রান্সমিশন থেকে মাউন্ট করা পুরানো ক্লাচটি আলাদা করুন।
- ঙ. **নতুন ক্লাচ মাউন্টিং ইনস্টল করাঃ** নতুন ক্লাচ মাউন্ট ইন্সটল করুন এবং নিশ্চিত করুন যে এটি পুরানোটির বৈশিষ্ট্য এবং নকশার সাথে মেলে। নতুন মাউন্টিংয়ের যোগাযোগের পয়েন্টগুলিতে অল্প পরিমাণে উচ্চ-তাপমাত্রার গ্রীজ প্রয়োগ করুন। ট্রান্সমিশন ইনপুট শ্যাফ্টের উপর নতুন মাউন্টিংটিকে সাবধানে রাখুন এবং উপযুক্ত ফাস্টেনার ব্যবহার করে এটিকে নিরাপদে রাখুন।
- চ. **উপাদানগুলি পুনরায় একত্রিত করাঃ** প্রতিস্থাপনের সরিয়ে ফেলা উপাদানগুলি পুনরায় একত্রিত করুন। অপসারণের বিপরীত ক্রম অনুসরণ করুন এবং নিশ্চিত করুন যে সবকিছু প্রস্তুতকারকের নির্দিষ্টকরণ অনুযায়ী সঠিকভাবে সারিবদ্ধ এবং শক্ত ভাবে সংযুক্ত করা হয়েছে।
- ছ. **পরীক্ষা এবং সামঞ্জস্য করাঃ** একবার ক্লাচ মাউন্টিং এবং অন্যান্য উপাদানগুলি ইনস্টল হয়ে গেলে, ট্রান্সমিশনটি পুনরায় সংযুক্ত করুন (যদি সরানো হয়) এবং যেকোন প্রয়োজনীয় সমন্বয় সম্পাদন করুন।

জ. **ব্যাটারি পুনরায় সংযোগ করুন এবং পরীক্ষা করাঃ** ব্যাটারি পুনরায় সংযোগ করুন এবং গাড়িটি চালু করুন। ইঞ্জিন চলাকালীন ক্লাচ প্যাডেলকে সংযুক্ত এবং বিচ্ছিন্ন করে ক্লাচ অপারেশন পরীক্ষা করুন। মসৃণ এবং সঠিক ভাবে ক্লাচ পরিচালিত হলে নিশ্চিত হতে পারবেন যে প্রতিস্থাপন যথাযথভাবে সম্পন্ন হয়েছে।

ii. প্রেসার প্লেট, ক্লাচ ডিস্ক এবং ফ্লাই হইল মেরামত/প্রতিস্থাপন করন

- ক. **যানবাহন প্রস্তুত করাঃ** যানবাহনটি সমতল পৃষ্ঠে রয়েছে তা নিশ্চিত করুন এবং পার্কিং ব্রেক নিযুক্ত করুন। ম্যানুয়াল ট্রান্সমিশনের জন্য, ট্রান্সমিশনটিকে নিরপেক্ষভাবে রাখুন এবং দুর্ঘটনা এড়ানোর ব্যাটারি সংযোগ বিচ্ছিন্ন করুন।
